

## 🔳 আল-ফুরকান | Al-Furqan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫:৫৫

## **া** আরবি মূল আয়াত:

وَ يَعبُدُونَ مِن دُونِ اللهِ مَا لَا يَنفَعُهُم وَ لَا يَضُرُّهُم اَ وَ كَانَ الكَافِرُ عَلَى رَبِّهِ ظَهِيرًا ﴿٥٥﴾

## 

আর তারা আল্লাহর পরিবর্তে এমন কিছুর ইবাদাত করে, যা তাদের কোন উপকারও করতে পারে না এবং তাদের কোন ক্ষতিও করতে পারে না। আর কাফির তো তার রবের বিরুদ্ধে সাহায্যকারী। — আল-বায়ান

তারা আল্লাহকে বাদ দিয়ে এমন কিছুর 'ইবাদাত করে যা না পারে তাদের কোন উপকার করতে, আর না পারে কোন ক্ষতি করতে, আর কাফির হচ্ছে তার প্রতিপালকের বিরুদ্ধে সাহায্যকারী। — তাইসিরুল

তারা আল্লাহর পরিবর্তে এমন কিছুর ইবাদাত করে যা তাদের উপকার করতে পারেনা, অপকারও করতে পারেনা; কাফিরতো স্বীয় রবের বিরোধী। — মুজিবুর রহমান

But they worship rather than Allah that which does not benefit them or harm them, and the disbeliever is ever, against his Lord, an assistant [to Satan]. - Sahih International

৫৫. আর তারা আল্লাহর পরিবর্তে এমন কিছুর ইবাদাত করে, যা তাদের উপকার করতে পারে না এবং তাদের অপকারও করতে পারে না। আর কাফের তো তার রব-এর বিরোধিতায় সহযোগিতাকারী।

তাফসীরে জাকারিয়া

(৫৫) ওরা আল্লাহর পরিবর্তে এমন কিছুর উপাসনা করে, যা ওদের উপকার করতে পারে না, অপকারও করতে পারে না। আর অবিশ্বাসী তো স্বীয় প্রতিপালকের বিরোধী।

তাফসীরে আহসানল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন